গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের কার্যালয়
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল
বন ভবন, আগারগাঁও, ঢাকা।

নিয়োগ বিজ্ঞপ্তি

বন অধিদপ্তরের অধীন বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকার আওতায় "বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন" প্রকল্পের অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে লোক নিয়োগকল্পে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে সরকারী বিধি মোতাবেক প্রত্যেকটি পদের পার্শ্বে উল্লেখিত সাকুল্যে বেতনে নিম্নলিখিত শর্তে আগামী ২২/০২/২০১৮ইং তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্র: নং	পদের বিবরণ	পদের সংখ্যা	গ্রেড নং	মাসিক সাকূল্য বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	হিসাব রক্ষক	৫	১৪	১৮,৩০০/-	স্নাতক (বাণিজ্য) কম্পিউটার পরিচালনায় দক্ষ ও সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকারসহ বয়স শিথিলযোগ্য।
২	ল্যাব টেকনিশিয়ান	১	১৬	১৭,০৫৪/-	ল্যাবরেটরী বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি ও সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকারসহ বয়স শিথিলযোগ্য।
৩	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১	১৬	১৭,০৫৪/-	এইচ.এস.সি পাশ ও কম্পিউটার পরিচালনায় দক্ষ ও সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকারসহ বয়স শিথিলযোগ্য।
৪	সহকারী টেক্সিডার্মিষ্ট	১	১৬	১৭,০৫৪/-	বিজ্ঞান শাখায় এস.এস.সি পাশ ও সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকারসহ বয়স শিথিলযোগ্য।

নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১. ০২/০২/২০১৮ইং তারিখ বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হইতে হইবে।
২. সমাপ্ত উন্নয়ন প্রকল্প/চলমান উন্নয়ন প্রকল্পে নিয়োজিত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। এইরুপ বিভাগীয় প্রার্থীদের সর্বশেষ কর্মস্থল/বর্তমান কর্মস্থলের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
৩. কোন সরকারী বা আধাসরকারী সংস্থায় কর্মরত প্রার্থীগণও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে পারিবেন।
৪. সরকার নির্ধারিত নির্বাচনী কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হইবে। প্রার্থীদেরকে এতদউদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে তাহাদের বর্তমান ঠিকানায় জানানো হইবে।
৫. সংশ্লিষ্ট পদের হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৬. সরকারী নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা ও উপজাতী, মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোঠা ও জেলা কোঠা সংরক্ষণ করা হইবে। তবে এইক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ইস্যুকৃত সনদপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করিয়া দিতে হইবে। সনদপত্রবিহীন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
৭. প্রার্থীকে নির্বাচিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হইবে না।
৮. নিয়োগ লাভের জন্য সকল প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলিয়া গণ্য হইবে।
৯. প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
১০. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

দরখাস্ত দাখিলের নিয়মাবলী

১. বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকাকে সম্বোধন পূর্বক সাদা কাগজে প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় ২২/০২/২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অবশ্যই পৌঁছাইতে হইবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
২. প্রার্থীকে বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর যে কোন শাখায় জমাকৃত ২০০/- (দুইশত) টাকা মূল্যের অফেরতযোগ্য একটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সহিত অবশ্যই দাখিল করিতে হইবে।
৩. আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জাতীয় পরিচয় পত্রের অনুলিপি যদি থাকে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করিয়া আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে) (জ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (সকল প্রকার সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করিয়া আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে) (ঞ) বৈবাহিক অবস্থা ইত্যাদি উল্লেখ করিতে হইবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
৪. আবেদনের সহিত প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের ২(দুই) প্রস্থ ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করিয়া আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে)।
৫. প্রার্থী কোন জেলার অধিবাসী তাহার প্রমাণ স্বরুপ স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান এর নিকট হইতে নাগরিকত্বের সার্টিফিকেট (মূল কপি) দাখিল করিতে হইবে।
৬. জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
৭. প্রার্থীকে তাহার বর্তমান ঠিকানা লিখিত তিন টাকার ডাকটিকেটসহ (৪ × ১০) সাইজের ১টি ফেরত খাম আবেদনপত্রের সহিত সংযুক্ত করিয়া দিতে হইবে।
৮. উপরের চাহিত যে কোন তথ্য/সনদপত্র/অন্যান্য কাগজপত্র আবেদনপত্রের সহিত না থাকিলে উক্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩১/০১/১৮
(মোঃ জাহিদুল কবির)
বন সংরক্ষক
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল
ও
প্রকল্প পরিচালক
বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্প
বন ভবন, আগারগাঁও, ঢাকা।